কোটচাঁদপুরে জাতীয় ভোটার দিবস পালিত

“বয়স যদি আঠারো হয়-ভোটার হতে দেরি নয়” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে পালিত হয়েছে জাতীয় ভোটার দিবস। দিবসটি উপলক্ষে উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।
র্যালীতে এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা নির্বাচন অফিসার মোঃ ওয়াহিদ মোরাদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার জহুরুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার, উপজেলা তথ্য সেবা আপা তানিয়া সুলতানা, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, নির্বাচন অফিস সহকারি সৈয়দ আলীসহ বিভিন্ন শ্রেণী- পেশার মানুষ।

ঝিনাইদহে মুক্তিযোদ্ধাসহ চার ব্যক্তি প্রতারণার শিকার

ঝিনাইদহে মুক্তিযোদ্ধাসহ ৪ ব্যক্তি এক আদম ব্যবসায়ীর প্রতারণার শিকার হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে ভুক্তভোগী মুক্তিযোদ্ধা মোঃ রবিউল আলমসহ প্রতারণার শিকার ওই ৪ জন ঝিনাইদহ প্রেস ক্লাবে এক সংবাদ সস্মেলনে এই অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ভুক্তভোগী ঝিনাইদহ সদর উপজেলার দরিগোবিন্দপুর গ্রামের মৃত মুন্সি আফজাল হোসেনের ছেলে বীর মুক্তিযোদ্ধা রবিউল আলম। এ সময় আরো ৩ ভুক্তভোগী সদর উপজেলার মান্দারবাড়িয়া গ্রামের মৃত ওহাব জোয়ার্দ্দারের ছেলে শামীম জোয়ার্দ্দার, কালীগঞ্জ উপজেলার পারশ্রীরামপুর গ্রামের মৃত

ছনু মন্ডলের ছেলে আমজাদ হোসেন, একই উপজেলার একই গ্রামের মৃত মোশারফ হোসেন মন্ডলের ছেলে আমিরুল ইসলামসহ তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।
লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়, মালয়েশিয়া যাওয়ার জন্য তারা ৪ জন ঝিনাইদহ সদর উপজেলার ভগবাননগর পূর্বপাড়া গ্রামের খায়বার আলী বাটুল ও তার পরিবারের সদস্যদের কাছে গত ০৯/০৪/২০১৫ তারিখে ১২ লাখ ২০ হাজার টাকা তুলে দেন। টাকা দেওয়ার পর থেকে বিদেশে না পাঠিয়ে বিভিন্ন তালবাহানা শুরু করে। এই অবস্থায় প্রতারক বাটুল ভুক্তভোগীদের নামে ১০/০১/২০১৬ তাং একটি ভুয়া ভিসা বাটুযলের পুত্র খায়রুলের মাধ্যমে তাদের হাতে পৌঁছিয়ে দেয়। এরপর তারা ঢাকা জনশক্তির অফিসে যোগাযোগ করলে ভিসাগেুাল জাল বলে প্রমাণিত হয়। এরপর তারা গত ১২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে টাকা চাইতে প্রতারক বাটুলের বাড়িতে গেলে খায়বার আলী বাটুলের সাথে তাদের তর্কবির্তকের সৃষ্টি হয়। একপর্যায়ে পরিবারের সদস্যরা জোটবন্ধ হয়ে তাদের মারপিট করে। এ ঘটনায় আদম ব্যবসায়ী বাটুল তার স্ত্রী ও ভাইসহ ৪ জনের বিরুদ্ধে তারা ঝিনাইদহ সদর থানায় অভিযোগ দায়ের করে । এরপর থেকে প্রতারক বাটুল অগ্যাত স্থান থেকে মামলা তুলে নেয়ার জন্য তাদের প্রাণ নাশের হুমকি অব্যাহত রেখেছেন। ভুক্তভোগীরা আরো অভিযোগ করেন যে শুধু তাদের কাছ থেকে নয়, প্রতারক আদম ব্যবসায়ী বাটুল তাদেরসহ অন্তত ২০ জনের নিকট খেকে প্রতারণার মাধ্যমে প্রায় ৫০ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে। এ ব্যাপারে আদম ব্যবসায়ী খায়বার আলী বাটুলের সাথে ০১৯১৩৭২৮৯৮০ নাম্বারে যোগাযোগ করলে টাকা নেওয়ার বিষয়টি অস্বীকার করে তিনি নিজেকে দেলোয়ার হোসেন রনি পরিচয় দেন এবং ময়মনসিংহের ভালুকায় আছি বলে ফোন কেটে দেন।

ঝিনাইদহে খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে সদর উপজেলার মধুপুর বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ

ইনস্টিটিউট (বারটান)’র খুলনা বিভাগীয় আঞ্চলিক কেন্দ্রের সম্মেলন কক্ষে এ কর্মশালা শুরু হয়।
কর্মশালার উদ্বোধন করেন প্রতিষ্ঠানটির উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও আঞ্চলিক প্রধান কৃষিবিদ ড. মো: নুর আলম সিদ্দিকী। এছাড়াও প্রশিক্ষণ প্রদান করেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, বারটানের বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়া শারমিন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা শহিদুল ইসলামসহ অন্যান্যরা। ৩ দিনব্যাপী কর্মশালায় ২ ব্যাচে প্রশিক্ষণ গ্রহণ করবেন কৃষি কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক, ইমাম ও পুরোহিত স্বাস্থ্য কর্মীসহ ৬০ জন।

ঝিনাইদহে ছাত্রলীগের আনন্দ র্যালী

বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে ঝিনাইদহে আনন্দ র্যালী ও সমাবেশ করেছে ছাত্রলীগ।
জেলা ছাত্রলীগের আয়োজনে গতকাল মঙ্গলবার বিকালে সরকারি কেসি কলেজ চত্বর থেকে আনন্দ র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
বক্তারা, বাংলাদেশকে উন্নয়নশীল দেশে উন্নীত করার পুরো অবদান প্রধানমন্ত্রী শেখ হাসিনার উল্লেখ করে তাঁর হাতকে শক্তিশালী করতে সকলের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহে দৈনিক সময়ের আলোর প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহে দৈনিক সময়ের আলোর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনায়তনে এই অনুষ্ঠান পালন করা হয়। অনুষ্ঠানের শুরুতে প্রেস ক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের পুরাতন ডিসিকোর্ট চত্বর ঘুরে পুনরায় প্রেস ক্লাবের সামনে এসে র্যালীটি শেষ হয়। র্যালী শেষে আলোচনা সভা ও কেক কেটে কর্মসূচি পালন করা হয়। ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সরকারি কেসি কলেজের অধ্যক্ষ ড. বি এম রেজাউল করিম, বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিনুল ইসলাম টুকু, ঝিনাইদহ আব্দুল রউফ ডিগ্রি কলেজের সহযোগী অধ্যাপক কে এম সালেহ, মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ্যাডঃ সামলা ইয়াসমিন । স্বাগত বক্তব্য রাখেন দৈনিক সময়ের আলোর জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু। আরো উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাংবাদিক ও সুধিবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। বক্তারা প্রত্রিকাটির সমৃদ্ধি ও সাফল্য কামনা করেন।

পুলিশ সদস্যরা মানুষের কল্যাণে সব সময় নিয়োজিত থাকবেন: কুষ্টিয়ার এসপি

কুষ্টিয়ায় নবনিযুক্ত পুলিশ সুপার (এসপি) মো: খাইরুল আলম বলেছেন, পুলিশ হবে মানবিক। পুলিশ সদস্যরা মানুষের কল্যাণে সব সময় নিয়োজিত থাকবেন। সব সময় আমরা দেশ ও সমাজের জন্য কাজ করে যাব। তাছাড়া কুষ্টিয়া থেকে মাদকদ্রব্য, অপকর্ম, সন্ত্রাসবাদ ও জঙ্গি

দমনসহ সব ধরনের অনিয়ম-দুর্নীতি দমনে পুলিশ কাজ করবে।
গতকাল মঙ্গলবার (২রা মার্চ) দুপুরে কুষ্টিয়ার গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে নবনিযুক্ত পুলিশ সুপার খাইরুল আলম এসব কথা বলেন।
তিনি আরও বলেন, পুলিশ জনগণের বন্ধু। কুষ্টিয়ার পুলিশ জনগণের বন্ধু হয়ে কাজ করবে সব সময়। সাধারণ মানুষ যাতে কোনো হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রেখে পুলিশ সদস্যদের কাজ করার আহ্বান জানান তিনি।
পুলিশ সুপার খাইরুল আলম বলেন, পুলিশের ন্যায় সাংবাদিকদের ভূমিকাও অতুলনীয়। কারণ পুলিশ-সাংবাদিক একে অপরের পরিপূরক হিসেবে কাজ করে। এ সময় তিনি কুষ্টিয়ায় কর্মরত সব সাংবাদিকের সার্বিক সহায়তা কামনা করেন।
কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলন কক্ষে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ) মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (কুষ্টিয়া সদর সার্কেল) আতিকুল ইসলাম, কুষ্টিয়া প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, কেপিসির সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লবসহ বিভিন্ন গণমাধ্যমকর্মী।

জীবননগরে জাতীয় ভোটার দিবস পালিত

বয়স যদি আঠারো হয়,ভোটার হতে দেরি নয় এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগর জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে।গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে জাতীয় ভোটার দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম,জীবননগর প্রেস ক্লাবের সাধারন

সম্পাদক এম আর বাবু,উপজেলা নির্বাচন অফিসার,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু প্রমুখ।

জীবননগরে ১০০ পরিবারের মাঝে বিনামুল্যে টিউবওয়েল বিতরণ

জীবননগর উপজেলার ১০০ অসহায় হতদরিদ্র পরিবারের মাঝে নিরাপদ পানির জন্য বিনামুল্যে টিউবওয়েল বিতরণ করা হয়েছে।গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির অর্থায়নে ও সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার বাস্তাবায়নে জীবননগর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে এ টিউবওয়েল বিতরণ করা হয়।শিকড় সমাজ কল্যাণ সংস্থার সভাপতি ও সময় টিভির উপস্থাপক সাব্বির সামি মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাশ।প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির চেয়ারম্যান জাহাঙ্গীর আলম চৌধুরী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন,জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম,মাই টিভির বিশেষ প্রতিনিধি এস,কে লিটন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক এম আর বাবু,সাংবাদিক সালাউদ্দিন কাজল,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম।প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস বলেন,বর্তমান সরকারের উন্নয়নের অংশীদার হিসাবে শিকড় সমাজ কল্যাণ সংস্থা ওদোস্ত এইড বাংলাদেশ কাজ কেও যাচ্ছে।তাদের কাজগুলো প্রশংসার দাবিদার ।আগামিতে অসহায় মানুষের সেবায় এই ধরনের কাজগুলোকে অব্যহত রাখা হোক।আমি এই আশায় কামনা করি।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার যুগ্ন সাধারন সম্পাদক মিঠুন মাহমুদ,এবলুম বাংলার পরাগ

হোসেন।শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান ও লাবনীর উপস্থাপনায় এ সময় উপস্থিত ছিলেন সেচ্ছাসেবী সংগঠন শিকড়সমাজকল্যাণসংস্থারহোসাইনআহম্মেদ,তুহিন,মফিজুল,ঐশ্বর্যসাহা,সাদিয়া,মিম,তুর্না,জনি,শাকিল,ওমর,রিয়াজপ্রমুখ।##

মেহেরপুরে “সময়ের আলো” প্রত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী উৎযাপন

বহুল প্রচারিত পত্রিকা দৈনিক “সময়ের আলো” প্রতিষ্ঠার ২বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটার মধ্যদিয়ে উৎযাপন করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে দশটায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ আয়োজন করা হয়।
অনুষ্ঠানে “সময়ের আলো” পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে কেক কাটেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লা-আল-মামুন, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি সিরাজুল ইসলাম, মেহেরপুর প্রেসক্লাব উপদেষ্টা তুহিন আরণ্য, সম্পাদক আলামিন হোসেন, সাবেক সম্পাদক রফিকুল আলম, জেলা প্রেসক্লাব সম্পাদক মাহাবুব চাঁদু। মেহেরপুর প্রেসক্লাব যুগ্মসম্পাদক মাজেদুল হক মানিক পরিচালিত অনুষ্ঠানে মেহেরপুর জেলায় কর্মরত বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

আকতারুজ্জামান
মেহেরপুর
০১৭১৩৯১৪১৭৪

[redacted]

[redacted]